

## দেশকে বুকের মধ্যে রাখি

----- কিশোর মজুমদার

হাতটা বাড়াও

বৃষ্টির কয়েকটা ফোঁটা পড়ুক তোমার হাতের তালুতে  
ঠিক যেভাবে স্বাধীনতা বিপ্লবীর রক্তের ফোঁটায়  
আঁকা হয়েছিল স্বাধীন দেশের মানচিত্র ।

দুটি চোখ বুজে দেখো

দখিনা হাওয়ার ফুরফুরে ভাব  
কীভাবে ছুঁয়ে যাবে তোমার চোখের পাতা—  
ঠিক এভাবেই একদিন —  
দেশের জন্য জান কবুল করা বিপ্লবীর মায়ের দু'চোখে  
বোবা অশ্রুর ঝাপসা -  
আড়াল করে দিয়েছিল  
নাড়িছেঁড়া সন্তান হারানোর বিলাপ ;

আকাশে মেঘের পানসি দেখো আজ

কি সুন্দর ভেসে যাচ্ছে অসীমের নীলে  
ওই নীল  
স্বাধীন দেশের বাক স্বাধীনতার মতোই নির্মল ,  
ওই নীল  
যেন তোমার আমার স্বাধীনতাকামী স্মৃতির মর্মরে  
ভোরাই তান।

ওই মেঘের পানসি

একদিন হাজার শহীদের লাশ বহন করে  
এনেছে দেশের অগুনতি মানুষের  
বিশ্বস্ত হৃদয়ারণ্যে ;

কবিতায় আর গানের মাঝে

অশ্রুকণার বিলাপ বাজে  
স্বাধীনতা মানে রক্ত গোলাপ  
দুঃখী মায়ের শোকের প্রলাপ  
বোমা বারুদের গন্ধ মেখে  
স্বাধীনতা নাম জাগলো বুক,

শত শহীদের অশ্রু ঘামে

স্বপ্ন কিনেছি মৃত্যু দামে  
আজকে যারা স্বপ্ন আঁকি  
উড়িয়ে দিচ্ছি পায়রা পাখি  
দেশকে নিয়ে গর্বে মাতি  
ফুলিয়ে নিচ্ছি বুকের ছাতি  
পায়ের তলার শক্ত মাটি  
মায়ের স্নেহের মতোই খাঁটি

ভালোবাসা নামে শত শহীদের  
স্বাধীনতা ফুলে অর্ঘ্য তাদের  
স্বাধীনতা ফুলে অর্ঘ্য তাদের

তুমি ফুলের বাগানে সেলফি তুলে  
পোস্ট করে দাও সোস্যাল পেজে  
ছোটো ছোটো নিস্পাপ ফুলে ভরে উঠুক – মঞ্চ মাতুক  
নৃত্যকলায়  
আগামীর গানে আগমনি গানে স্বপ্ন লিখুক  
নব সংখ্যায়  
কবির কলমে জেগে উঠুক শিউলির গন্ধ  
গল্প কথায় ;  
আমরাও বেজে উঠি বোবা ইতিহাসের  
বিমর্ষতায়  
মৃত্যুঞ্জয়ী দেশ গঠনের স্বাধীনতা নামে  
ফুলে পতাকায় ;

বাঁচিয়ে রাখি অশ্রু তাদের  
বীরঙ্গনা মা বোনেদের  
হৃদয় মাঝে দেশকে রাখি  
ডানা মেলে দিক ফিনিক্স পাখি  
কচিকাচাদের হৃদয়ে জ্বালি  
দেশ গঠনের গেরস্থালি  
স্বাধীন দেশের আর যতসব  
শিল্প- সৃষ্টি নব কলরব  
জাত পাত ভুলে দেশের মধ্যে  
শুকনো রুটির শক্ত গদ্যে  
প্রেমের রসে চাঁদকে আঁকি  
দেশকে বুকের মধ্যে রাখি

দেশকে বুকের মধ্যে রাখি  
দেশ গঠনের কাজ যে বাকি  
দেশকে বুকের মধ্যে রাখি  
চোখ খুলে আজ স্বপ্ন দেখি  
দেশকে বুকের মধ্যে রাখি  
এখনো অনেক রাস্তা বাকি।

.....

[www.kishoremajumder.com](http://www.kishoremajumder.com)